গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
উপপরিচালকের কার্যালয়
মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী

নম্বর ৩৩.০২.০০০০.৩০৩.৭৭.০১৮.১৫.৩৭

তারিখ: ১ মাঘ ১৪২৯
১৫ জানুয়ারি ২০২৩

সভার নোটিশ

বিষয়: **জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির সভা**

অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মৎস্য অধিদপ্তরের আওতাধীন জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির সভা আগামী ১৭/০১/২০২৩ খ্রি: তারিখ সকাল ১০.০০ ঘটিকায় উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী এর কক্ষে অনুষ্ঠিত হবে। উল্লিখিত তারিখ ও সময়ে কমিটির সকল সদস্যকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

১৫-১-২০২৩
মো: আব্দুর রউফ
উপপরিচালক
ফোন: ০২৫৮৮৮৬৩১৮৪
ইমেইল:
ddrajshahi@fisheries.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)

২) সিনিয়র সহকারী পরিচালক, সিনিয়র সহকারী পরিচালক এর দপ্তর, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী

৩) সহকারী পরিচালক, উপপরিচালকের দপ্তর, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী

৪) সম্প্রসারণ কর্মকর্তা, উপপরিচালকের দপ্তর, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী

## ২০২২-২৩ অর্থবছরের মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী কর্তৃক শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ আব্দুর রউফ, উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী। |
| স্থান | : উপপরিচালকের দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী। |
| তারিখ | : ১৭/০১/২০২৩ খ্রি. |
| সময় | : বেলা ১০.০০ ঘটিকা। |

(সভায় অংশগ্রহণকারী সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো)

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। আলোচ্য বিষয়ে সভাপতি বলেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদনসমূহ নৈতিকতা কমিটির সভায় অনুমোদিত হতে হবে বিধায় প্রতি কোয়ার্টারে ন্যূনতম ১টি করে নৈতিকতা কমিটির সভা আহ্বান করতে হবে। প্রতি কোয়ার্টারে ০১ টি করে সভা আয়োজন করা হলে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর ১.১ নং কার্যক্রমের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত মান শতভাগ হবে। কর্মপরিকল্পনার ১.২ নং ক্রমিকে অন্তর্ভুক্ত নৈতিকতা কমিটির সভার **সিদ্ধান্ত বাস্তবায়নের সুবিধার্থে প্রতি ত্রৈমাসিকের প্রথম মাসেই সভা আয়োজন করতে হবে।** সে আলোকে উপপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী এর শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২২-২৩ সালের ৩য় ত্রৈমাসিক সভা আয়োজন করা হয়েছে। সভাপতি সভার বিষয়বস্তু ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য জনাব মোঃ আরিফুল ইসলাম, সহকারী পরিচালক ও জাতীয় শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা কে আহবান জানান।

**আলোচনা**

১. সভাপতির অনুমতিক্রমে শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩-এর সূচকসমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩-এ প্রতি কোয়ার্টারের জন্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে এবং ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী অগ্রগতি নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়িত হয়েছে। সভায় সভাপতির সম্মতিক্রমে ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর/২০২২) প্রতিবেদন অনুমোদন করা হয়।

২. ৩য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম শুষ্ঠভাবে সম্পন্ন করার লক্ষ্যে বিস্তারিত আলোচনা করা হয়। তন্মধ্যে ৩.১ নং ক্রমিকে অন্তর্ভুক্ত সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণের ক্ষেত্রে ফোকাল পয়েন্ট জানান যে, অত্র দপ্তর হতে প্রাতিষ্ঠানিক ও আভ্যন্তরীণ প্রায় সকল সেবা যেহেতু ই নথি ও ওয়েবপোর্টালের মাধ্যমে দেয়া হয় সুতরাং খুব কম সংখ্যক সেবাগ্রহীতাকে সরাসরি সেবা প্রদান ও মতামত সংরক্ষণ সম্ভব।

৩. রাজশাহী বিভাগের আওতাধীন দপ্তরসমূহে মোট ১২৩ টি সাধারণ অডিট আপত্তি রয়েছে যা দ্রুত সমাধান প্রয়োজন। সকল দপ্তরকে অনিষ্পন্ন সাধারণ অনুচ্ছেদসমূহের আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে প্রমাণকসহ ব্রডশীট জবাব প্রস্তুতের জন্য পত্র প্রেরণ করা যেতে পারে।

সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

(০১) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর ৩.১ নং ক্রমিকে অন্তর্ভুক্ত সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ প্রতি মাসেই লিপিবদ্ধ করতে হবে।

(০২) রাজশাহী বিভাগের আওতাধীন দপ্তরসমূহে মোট ১২৩ টি সাধারণ অডিট আপত্তি রয়েছে যা দ্রুত সমাধান প্রয়োজন। সকল জেলা মৎস্য দপ্তরকে অনিষ্পন্ন সাধারণ অনুচ্ছেদসমূহের আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে প্রমাণকসহ ব্রডশীট জবাব প্রস্তুতের জন্য পত্র প্রেরণ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭/০১/২৩

(মোঃ আব্দুর রউফ)
উপপরিচালক
ও
সভাপতি
জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক নৈতিকতা কমিটি
মৎস্য অধিদপ্তর
রাজশাহী বিভাগ, রাজশাহী।

পরিশিষ্ট ক

সভায় উপস্থিত জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক নৈতিকতা কমিটির সদস্যদের তালিকা

তারিখঃ১৭.০১.২০২৩খ্রি.

সময়ঃ ১০.০০ ঘটিকা

| ক্র.নং | নাম, পদবী ও কর্মস্থল | পদ | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ আব্দুর রউফ, উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী | সভাপতি | |
| ০২ | মোঃ আরিফুল ইসলাম, সহকারী পরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী | ফোকাল পয়েন্ট | |
| ০৩ | সানজিদা খানম, মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী | সদস্য | |
| ০৪ | মোঃ মোজাম্মেল হক, সিনিয়র সহকারী পরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী | সদস্য সচিব | |